

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৬৯১  
আগরতলা, ২৫ জানুয়ারি, ২০২৪

**১৪তম জাতীয় ভোটার দিবস**  
**জাতীয় ভোটার দিবস উদযাপনের মূল উদ্দেশ্য হচ্ছে**  
**যুব সম্প্রদায়কে ভোটদানে উৎসাহিত করা : মুখ্যসচিব**

আগরতলায় আজ রাজ্যভিত্তিক ১৪তম জাতীয় ভোটার দিবস বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে উদযাপন করা হয়। নির্বাচন দপ্তরের উদ্যোগে এ উপলক্ষে রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ২ নং হলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন মুখ্যসচিব জে কে সিনহা। এবছরের জাতীয় ভোটার দিবসের থিম হচ্ছে ‘নাথিং লাইক ভোটিং, আই ভোট ফর সিওর’। অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যসচিব জে কে সিনহা বলেন, জাতীয় ভোটার দিবস উদযাপনের মূল উদ্দেশ্য হচ্ছে যুব সম্প্রদায়কে ভোটদানে উৎসাহিত করা। আজকের দিনটি আমাদের দেশ ও রাজ্যের ভোটাধিকার প্রাপ্ত প্রতিটি নাগরিকের জন্য একটি বিশেষ গুরুত্বপূর্ণ দিন। তিনি বলেন, আমাদের রাজ্যে সবসময়ই শান্তিপূর্ণ ও উৎসবের মেজাজে ভোট প্রক্রিয়া সম্পন্ন হয়। রাজ্যে ভোট প্রদানের হারও বেশি হয়। এটা ত্রিপুরাবাসীর জন্য অত্যন্ত গর্বের বিষয়। অনুষ্ঠানে মুখ্যসচিব রাজ্যবাসীকে নিষ্ঠীকভাবে ভোটদান ও নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণের আহ্বান জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী। স্বাগত বক্তব্য রাখেন মুখ্য নির্বাচনী আধিকারিক পুনীত আগরওয়াল। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক ডা. বিশাল কুমার।

অনুষ্ঠানে জাতীয় ভোটার দিবস উপলক্ষে ১০ জন নতুন ভোটারকে এপিক কার্ড দেওয়া হয়। তাছাড়াও অনুষ্ঠানে পদ্মশ্রী দীপা কর্মকার, প্যারাসুইমার সমীর বর্মণ, বিশিষ্ট ট্রান্সজেন্ডার নুপুর চক্রবর্তী, মিস্টার ইন্ডিয়া টুরিজম-২০২২ মিঠুন দেববর্মা, ফেমিনা মিস ত্রিপুরা ঋত্বিকা মজুমদার এবং উদ্যান ও ভূমি সংরক্ষণ দপ্তরের অবসরপ্রাপ্ত দিব্যাঙ্গজন উপ অধিকর্তা সুরত গাঙ্গুলিকে সংবর্ধনা জানানো হয়। অনুষ্ঠানে অতিথিগণ তাদের হাতে এপিক কার্ড ও সংবর্ধনা স্বরূপ স্মারক তুলে দেন। তাছাড়াও অনুষ্ঠানে ভোটদাতাদের অঙ্গীকারপত্র পাঠ করানো হয়।

\*\*\*\*\*